**DELHI PUBLIC SCHOOL, DURGAPUR**
**QUESTION BANK & REVISION SHEET FOR PERIODIC ASSESSMENT-II (2017-18)**
**BENGALI (2ND LANG.) CLASS-IX**

# LITERATURE

## খেয়া

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। এই খেয়া চিরদিন চলে নদীর স্রোতে। ২। সোনার মুকুট কত ফুটে আর টুটে।
৩। কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে।

**প্রশ্নোত্তর -**

১। **"উঠে কত হলাহল, উঠে কত সুধা।"-**
কার লেখা কোন কবিতার অন্তর্গত ? 'হলাহল' ও 'সুধা' শব্দ দুটির অর্থ কী ? আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

২। **"পৃথিবীতে কত দ্বন্দ্ব কত সর্বনাশ।" -**
কার লেখা কোন কবিতার অন্তর্গত ? 'দ্বন্দ্ব' ও 'সর্বনাশ' বলতে কবি কী বুঝিয়েছেন ? আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৩। **"কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে।" -**
কার লেখা কোন কবিতার অন্তর্গত ? কবি কাদের যাওয়া আসা বুঝিয়েছেন ? আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৪। **"নতুন নতুন কত গড়ে ইতিহাস।" -**
কিসের ইতিহাসের কথা বলা হয়েছে ? কবি এখানে কি বোঝাতে চেয়েছেন ?

৫। **"এই খেয়া চিরদিন চলে নদীস্রোতে।" -**
কার লেখা কোন কবিতার অন্তর্গত ? কোন খেয়ার কথা বলা হয়েছে ? চিরদিন চলে নদীস্রোতে বলতে কী বোঝ ?

৬। **"দোঁহা-পানে চেয়ে আছে দুইখানি গ্রাম"-**
কার লেখা কোন কবিতার অন্তর্গত ? কোন দুখানি গ্রামের কথা বলা হয়েছে ? মুখোমুখি গ্রাম দুখানি কিসের ইঙ্গিত বহন করে ?

৭। **"রক্ত প্রবাহের মাঝে ফেনাইয়া ওঠে" -**
রক্ত প্রবাহ বলতে কি বোঝানো হয়েছে ? আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৮। **"সভ্যতার নব নব কত তৃষ্ণা ক্ষুধা।"**
ক্ষুধা বলতে কবি কি বুঝিয়েছেন ? আলোচ্য অংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

## দাম

**বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলী -**

১। স্কুলের বিভীষিকা মাষ্টারমশাইয়ের বিষয় হল -
(i) পদার্থবিদ্যা (ii) বাংলা (iii) অঙ্ক

২। পৃথিবীর সব অঙ্ক যেন তার-
(i) কণ্ঠস্থ (ii) মুখস্থ (iii) ঠোঁটস্থ

৩। কার দোরগোড়ায় লেখা ছিল ________ যে অঙ্ক জানে না তার প্রবেশ নিষেধ-
(i) অ্যারিস্টটল (ii) প্লেটো (iii) নিউটন

৪। বার্নার্ড'শ ছিলেন -
(i) আইরিশ নাট্যকার (ii) ইংলিশ নাট্যকার (iii) স্পেনিয়ো নাট্যকার

৫। সে স্বর্গের চেয়ে ________ যোজন দূরে থাকায় শ্রেয়-
(i) শত (ii) সহস্র (iii) লক্ষ

৬। সুকুমার আমাকে মনে রেখেছে আমাকে নিয়ে ________ লিখেছে -
(i) পত্র (ii) কবিতা (iii) গল্প

৭। ________ পাশ করার পরেও স্বপ্ন দেখেছি -
(i) বি.এ (ii) এম.এ (iii) সি.এ

৮। বুদ্ধিতে কিসের ফলার মত ঝক্‌ঝক্ করত চোখ -

(i) কাটারী (ii) ছুরি (iii) কাস্তে

৯। লেখার সময় কল্পনার খাদের সঙ্গে মিশেছিল -

(i) সদুপদেশ (ii) হিতোপদেশ (iii) নীতিগল্প

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। আমি চমকে উঠলুম। ২। কত শ্রদ্ধা নিয়ে লিখেছে। ৩। কিন্তু আমি খুশি হতে পারলুম না।

**প্রশ্নোত্তর -**

১। **"পড়ে আনন্দে আমার চোখে জল এল।"-**
কি পড়ে কার চোখে জল এসেছিল ? বক্তার চোখে জল এসেছিল কেন ?

২। **"আমি তাকে দশ টাকায় বিক্রি করেছি।"-**
বক্তা কে ? সে কার কাছে কি বিক্রি করেছিল ? পরে তার মনের কি অবস্থা হয়েছিল ?

৩। **"তার প্রমাণ আমি নিজেই।" -**
বক্তা কে ? কোন প্রসঙ্গে একথা বলেছেন ? কীভাবে এর প্রমাণ বহন করেছেন ?

৪। **"আমাদের মতো নগন্যের পক্ষে ততই সুখাবহ।" -**
আমাদের বলতে কাদের কথা লেখক বুঝিয়েছেন ? তাদের কাছে কোন বিষয় সুখাবহ ?

৫। **"দু-চোখ দিয়ে তার আগুন ঝরছে।"-**
বক্তা কে ? কার সম্পর্কে একথা বলেছেন ? দু-চোখ দিয়ে আগুন ঝরার কারণ কি ?

৬। **"আমার ছাত্র আমাকে অমর করে দিয়েছে।" -**
বক্তা কে ? ছাত্র বলতে কাকে বোঝানো হয়েছে ? বক্তার মানসিকতার বিচার কর।

৭। **"কিন্তু কাঁদবার জো ছিল না।" -**
কাদের কথা এখানে বলা হয়েছে ? কোন প্রসঙ্গে তিনি একথা বলেছেন ? কেন তাদের কাঁদবার জো ছিল না ?

৮। **"সে স্বর্গের থেকে লক্ষ যোজন দূরে থাকাই আমরা নিরাপদ বোধ করতুম।"-**
বক্তা কে ? সে স্বর্গ বলতে কোন স্বর্গের কথা বোঝানো হয়েছে ? কেন কথক সে স্বর্গের থেকে দূরে থাকতে চান ?

৯। **"অহেতুক তাড়না করে কাউকে শিক্ষা দেওয়া যায় না।" -**
এ মতামত কার ? কোন প্রসঙ্গে তিনি একথা বলেছেন ? কথক এই সিদ্ধান্তে কিভাবে পৌছেছেন ?

১০। **"ওর ভয়ে সবাই তটস্থ হয়ে থাকত।" -**
বক্তা কে ? কার ভয়ে কারা তটস্থ হয়ে থাকত ? তাকে ভয় পাওয়ার কারণ কী ?

১১। **"এ অপরাধ আমি বইব কি করে ? এ লজ্জা আমি কোথায় রাখব ?"-**
বক্তা কে ? কোন কৃতকর্মের অপরাধের কথা বলা হয়েছে ? এই অপরাধবোধ ও আত্মগ্লানি তিনি কিভাবে দূর করেছিলেন ?

১২। **"স্বর্গের দরজাতেও ঠিক ওই কথাই লেখা আছে।"**
বক্তা কে ? স্বর্গের দরজাতে কী লেখা রয়েছে ? বক্তা এমন কথা বলেছেন কেন ?

১৩। **"স্নেহ-মমতা-ক্ষমার এক মহাসমুদ্রের ধারে এসে দাঁড়িয়েছি।"**
বক্তা কে ? কার সম্পর্কে বলেছে ? বক্তার এই অনুভূতির কারণ কী ?

১৪। **"এখনি পা ধরে স্কুলের পুকুরে ছুঁড়ে ফেলে দেব।"**
বক্তা কে ? কাদের কখন একথা বলেছিলেন ? একথা বলার কারণ কী ?

১৫। **"ভারী চমৎকার বলেছেন আপনি।"**
কে কাকে একথা বলেছে ? কখন বলেছিলেন ? বক্তা কি চমৎকার বলেছিলেন ?

১৬। **"সেই ভয়টার কঙ্কাল লুকিয়ে ছিল মনের চোরাকুঠুরিতে।"**
কার কোন ভয়ের কথা বলা হয়েছে ? এর অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ কর।

১৭। **"এখানকার চড়ুই পাখিও সেখানে রাজ হংসের সম্মান পায়।"**
কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য নির্ণয় কর।

১৮। **"লজ্জায় আত্মগ্লানিতে আমার মাটিতে মিশে যেতে ইচ্ছে করল।"**
এ ভাবনা কার ? কখন তার একথা মনে হয় ? কেন তার একথা মনে হয়েছিল ?

১৯। **"গাধা পিটিয়ে ঘোড়া করতে গেলে গাধাটাই পঞ্চত্ব পায়।"**
আলোচ্য মন্তব্যটি কার ? কোথায় তিনি একথা বলেছেন ? কিভাবে তিনি এই সিদ্ধান্তে পৌছেছিলেন ?

## নূতন জীবন

সপ্রসঙ্গ ব্যাখ্যা -

১। একটি জাহ্নবী ঢেউ সাগরে মিলায়ে যায় / আপনা বিনাশি।

২। প্রতিদিন ফুল ফুটে প্রতিদিন ঝরে তারা / ফোটে নব ফুল।

৩। একটি তারকা খসে আকাশের শত তারা / ঢালে জ্যোতি-হাসি।

প্রশ্নোত্তর -

১। **"একটি বিহঙ্গগীত চিরতরে থেমে যায় / শত পাখি গায়।"-**
কার লেখা, কোন কবিতার অংশ ? বিহঙ্গগীত শব্দের অর্থ কী ? আলোচ্য অংশের তাৎপর্য কি ?

২। **"একটি বসন্ত যায়, আবার দক্ষিণে ছুটে / বসন্ত বায়।"**
কার লেখা, কোন কবিতার অংশ ? একটি বসন্ত বায় বলতে কি বোঝানো হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য কি ?

৩। **"হিমগিরি হতে পুন তটিনী বহিয়া আনে / নূতন জীবন।"**
কার লেখা, কোন কবিতার অংশ ? হিমগিরি শব্দের অর্থ কী ? কিভাবে হিমগিরি থেকে নূতন জীবন তটিনী বয়ে আনে ?

৪। **"বিরহের গীতখানি না হইতে অবসান / গাহে রে মিলন।"**
বিরহের গীতখানি বলতে কি বোঝানো হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য কি ?

## ইলিয়াস

বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলী -

১। **বাবাই একবার এদিকে এসো তো - বাবাই কে ?**
(i) শাম শেমাগি (ii) ইলিয়াস (iii) মোল্লাসাহেব

২। **ইলিয়াস ও শাম শেমাগি কত বছর ধনি জীবন কাটায় ?**
(i) ৩০ বছর (ii) ৪০ বছর (iii) ৫০ বছর

৩। **মহম্মদ সাহের বাড়িতে অতিথিদের মধ্যে একজন ছিলেন -**
(i) মোল্লাসাহেব (ii) পুরোহিত (iii) ইলিয়াস

৪। **ইলিয়াসের বাড়িতে বেশি অতিথি এলে কি মারা হত ?**
(i) ঘোটক (ii) ঘোটকী (iii) ভেঁড়া

৫। **বোল বোলাও শব্দের অর্থ কি ?**
(i) দুরবস্থা (ii) বাড়বাড়ন্ত (iii) সংকট

৬। **ইলিয়াসের বয়স যতই বাড়তে লাগল ততই বন্ধু ________।**
(i) বাড়তে লাগল (ii) কমতে লাগল (iii) শরীরে জোড় কমতে লাগল।

৭। **মহম্মদ শাহ ইলিয়াসকে কি মারতে বলল ?**
(i) ভেঁড়া (ii) উট (iii) ঘোড়া

৮। **কিন্তু ক্রমে ক্রমে সব সয়ে গেল। কি সয়ে গেল ?**
(i) শীত (ii) কষ্ট (iii) খাবার

সপ্রসঙ্গ ব্যাখ্যা -

১। ইলিয়াসের অবস্থা খারাপ হয়ে পড়ল।

২। আমরা পেয়েছি সত্যিকারের সুখ; আজ আর কিছুই চাই না।

৩। ভাগ্য যেন চাকার মত ঘোরে।

৪। বুড়ো বুড়িকে রেখে মহম্মদ শাহের লাভ হল।

৫। প্রতি বছরই তার অবস্থার উন্নতি হতে লাগল।

প্রশ্নোত্তর -

১। **"অতিথিরা হেসে উঠল।"**
কার কোন কথা শুনে অতিথিরা হেসে ওঠে ? অতিথিদের হাসতে দেখে ইলিয়াস কি বলে ?

২। **"দুশ্চিন্তার অন্ত ছিল না।"**
কে কাদের একথা বলেছে ? কখন বলেছে ? তার দুশ্চিন্তা কি নিয়ে ছিল ?

৩। **"আমাদের একমাত্র কাজ প্রভুর সেবা করা।"**
আমাদের বলতে কাদের কথা বোঝানো হয়েছে ? প্রভু কে ? তারা কিভাবে প্রভুর সেবা করত ?

৪। **"লোকটির সঙ্গে একটু কথা বলতে পারি কি ?"**
বক্তা কে ? তিনি কার সঙ্গে কেন কথা বলতে চেয়েছিলেন ? এরপরে কি ঘটে ?

৫। **"এই হল আমার মনের কথা।"**
বক্তা কে ? সে কি বলেছিল ? তার মনের কথার মধ্যে দিয়ে তার কোন উপলব্ধি ফুটে উঠেছে ?

৬। **"অতিথিরা বিস্মিত।"**
অতিথি কে ? তারা কার কোন কথায় বিস্মিত হয়েছিল ? এরপরে অতিথিদের কে কি বলেছিল ?

৭। **"পাশাপাশি সকলেই তাকে ঈর্ষা করে।"**
কাকে দেখে সকলে ঈর্ষা করে ? কেন ঈর্ষা করে ? তার অবস্থা কেমন ছিল ? তার পরিচয় দাও।

৮। **"ইলিয়াসের অবস্থা খারাপ হয়ে পড়ল।"**
ইলিয়াস কে ? তার অবস্থা কেন খারাপ হয়েছিল ? শেষ পর্যন্ত তার সম্বল কি ছিল ?

৯। **"কিন্তু বড়োলোক হওয়ার পরে তারা আয়েশি হয়ে উঠল।"**
কাদের কথা এখানে বলা হয়েছে ? তারা কতটা বড়োলোক ছিল ? এরপর তাদের সঙ্গে কি ঘটে ?

১০। **"ইলিয়াস প্রতিবেশীকে ধন্যবাদ দিল।"**
ইলিয়াস কে ? তার প্রতিবেশীর নাম কি ? ইলিয়াস তার প্রতিবেশীকে ধন্যবাদ দিল কেন ?

১১। **"সব কাজই তারা ভালোভাবে করতে পারে।"**
কাদের কথা বলা হয়েছে ? কোন কাজের কথা বলা হয়েছে ? কারা কেন তা ভালোভাবে করতে পারে।

## চিঠি

সপ্রসঙ্গ ব্যাখ্যা -

১। মরদ কি বাত হাতি কা দাঁত।

২। তুমি ঠিক সেইরূপ নারী, যাকে আজ প্রয়োজন।

৩। কিন্তু তাঁদের এখনও কোনো নির্দিষ্ট কার্যপ্রণালী নেই।

প্রশ্নোত্তর -

১। **"আবার তোমাকে একটু সাবধান করা দরকার।"**
তোমাকে বলতে কাকে বোঝানো হয়েছে ? কে তাঁকে সাবধান করতে চেয়েছিলেন ? কি বলে কেন সাবধান করতে চেয়েছিলেন ?

২। **"কিন্তু বিঘ্নও আছে বহু।"**
বক্তা কে ? কাকে তিনি বহু বিঘ্নের কথা জানিয়েছেন ? কি কি বিঘ্নের কথা বলেছেন ?

৩। **"কল্যাণীয় মিস নোবেল।"**
বক্তা কে ? মিস নোবেলের সংক্ষিপ্ত পরিচয় দাও। স্বামীজী তাঁকে চিঠি লিখেছিলেন কেন ?

৪। **এদেশে এলে তুমি নিজেকে অর্ধ উলঙ্গ অসংখ্য নরনারীতে পরিবেষ্টিত দেখতে পাবে।**
বক্তা কে ? তুমি বলতে কাকে বোঝানো হয়েছে ? বক্তা এমন কথা বলেছেন কেন ? আলোচ্য অংশে বক্তার সমাজ ভাবনার কী পরিচয় পাওয়া যায় ?

৫। **"তাঁর বর্তমান সংকল্প এই যে......।"**
তাঁর বলতে কার কথা বলা হয়েছে ? তাঁর পরিচয় দাও। তাঁর বর্তমান সংকল্প কী ?

৬। **"শ্বেতাঙ্গেরা তোমাকে খামখেয়ালি মনে করবে এবং প্রত্যেকটি গতিবিধি সন্দেহের চক্ষে দেখবে।"**
কাকে উদ্দেশ্য করে স্বামীজি একথা বলেছেন ? তাঁকে এরূপ সতর্কবার্তা পাঠানোর কারণ কী ? শ্বেতাঙ্গরা তাঁকে খামখেয়ালি মনে করবে - আর তাঁর গতিবিধিই বা সন্দেহের চোখে দেখবে কেন ?

৭। **"আমাকে আমরণ তোমার পাশেই পাবে।"**
কে কাকে একথা বলেছে ? কোন প্রসঙ্গে একথা বলেছে ? উদ্দীষ্ট্য ব্যক্তির পরিচয় দাও।

## আম আঁটির ভেঁপু

অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর -

১। আমগুলো দুর্গা কোথা থেকে পেয়েছিল ?

২। দুর্গার বয়স কত ?

৩। দুর্গার চেহারার বর্ণনা দাও।
৪। মায়ের ডাক শুনে দুর্গার সাড়া দেবার উপায় ছিল না কেন ?
৫। নীলকণ্ঠ পাখি দেখতে অপু তার বাবার সঙ্গে কবে বেড়িয়েছিল ?
৬। আলকুশি কি ?
৭। অপুর বাবা কোথায় কাজ করে ?
৮। অপু চালভাজা চিবোতে পারছিল না কেন ?
৯। দুর্গা তার ভাইকে মুখটা মুছে ফেলতে বলেছিল কেন ?
১০। অপুর মা লঙ্কা কোথায় রাখে ?
১১। আহারাদির পর অপুর মা কি পড়ত ?
১২। মহাভারতের যুদ্ধের কাহিনী শুনতে শুনতে অপুর কি মনে হত ?
১৩। যুদ্ধ জিনিসটা উপভোগ করার জন্য অপু কি উপায় বের করেছিল ?
১৪। অপুকে কি দিয়ে নোলক পরিয়েছিল দুর্গা ?
১৫। চিনিবাস ময়রা কি ফেরি করত ?
১৬। মুখুজ্যে বাড়ির সেজ ঠাকুরণের পরিচয় দাও।
১৭। সেজ-বৌ চিনিবাসের কাছে কি কি নিতেন ?
১৮। সেজ-বৌ-এর ছেলের নাম কি ?
১৯। বাবার কাছ থেকে দুর্গা রথের সময় কত পয়সা নেবে বলে ঠিক করেছিল ? সে পয়সায় কী কিনে খাবে ?
২০। দুর্গার উপর যুগপৎ যে চুরির অভিযোগ উঠেছিল সেগুলি কি কি ?
২১। কে সন্ধ্যের সময় ছেলেপিলেদের নিয়ে বাড়ির রোয়াকে গল্প করছিলেন ?
২২। গ্রামের শ্মশানটি কোথায় ?
২৩। অপু কিসের উত্তেজনায় বিছানা ছেড়ে উঠে বসেছিল ?
২৪। অপুর বইয়ের দপ্তরে কি কি বই ছিল ?
২৫। পালিতদের বাগানে কেন দুর্গা বিকেলবেলা যেতে চেয়েছিল ?
২৬। গুরু মহাশয়ের পাঠশালায় শিক্ষাদানের উপকরণ হিসাবে কী ছিল ?
২৭। গুরু মহাশয় দাঁড়িতে কি ওজন করছিলেন ?
২৮। গুরু মহাশয়ের দৃষ্টিশক্তিকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে ?
২৯। গুরু মহাশয় কাকে শেলেটটা নিয়ে আসতে বলেছিলেন ?
৩০। কি দেখে অপুর হাসি পেয়েছিল ?
৩১। অপুর হাসি দেখে গুরু মহাশয় তাকে কি বলেছিল ?
৩২। কেন অপু ভয়ে আড়ষ্ট হয়ে উঠেছিল ?
৩৩। গুরু মহাশয়ের সঙ্গে বিকেলবেলা কারা গল্প করতে আসত ?
৩৪। বুধো গাড়োয়ান কোথাকার লোক ?
৩৫। সে কত বছর বয়সে মারা যায় ?
৩৬। অপু খেলতে বেরোনার আগে তার মা তাকে কি খেয়ে যাবার অনুরোধ করেছিল ?
৩৭। কাকে দেখে অপুর মুখ শুকিয়ে গিয়েছিল ?
৩৮। নীলু অপুকে কোথায় পাখির ছানা দেখতে যাবার কথা বলেছিল ?
৩৯। আতুরী ডাইনি অপুকে কি খেতে দিতে চেয়েছিল ?

**প্রশ্নোত্তর -**

১। **"ইহাই ছিল তার জগতের সীমানা।"**
তার বলতে কার কথা বোঝানো হয়েছে ? তার পরিচয় দাও। এখানে জগতের সীমানা বলতে লেখক কি বোঝাতে চেয়েছেন ? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও।

২। **"লক্ষ্মীছাড়া বাঁদর।"**
কে কাকে কখন একথা বলেছে ? কেন সে একথা বলেছিল ?

৩। **"মুখটা মুছে ফেলনা বাঁদর।"**
কে কাকে কখন একথা বলেছে ? কোন প্রসঙ্গে একথা বলেছে ? তাকে মুখ মুছে ফেলতে বলা হয়েছে কেন ?

৪। **"জল মাটির তৈরি নশ্বর পৃথিবীতে এ ঘটনা কি করিয়া সম্ভব হইল।"**
কে কখন একথা ভেবেছে ? তার পরিচয় দাও। কী দেখে তার এই ভাবনা ?

৫। **"ওই যাচ্ছে বাবা, দ্যাখো বাবা -"**
কে কি দেখে এই কথা বলেছে ? বাবা কে ? তার পরিচয় দাও। ঘটনাটি কোন দিনের ?

৬। **"আম খেয়ে যা দাঁত টোকে........।"**
উক্তিটি কার ? কখন সে একথা বলেছে ? এরপরে কি ঘটেছিল ?

৭। **"ঠিক সেই সময়ে মায়ের জন্য তাহার মন কেমন করিয়া উঠিত।"**
কার মন কেমন করে উঠত ? কোন সময়ে এরূপ হত ?

৮। **"তাহার মনে হয় যুদ্ধ জিনিসটা মহাভারতে বড় কম লেখা আছে।"**
কার লেখা কোন উপন্যাস থেকে নেওয়া হয়েছে ? কার একথা মনে হয়েছে ? সেজন্য সে কী উপায় বার করেছিল ?

৯। **"এই যুগপৎ দুই চুরির অভিযোগের অসতর্কতায় আড়ষ্ট হইয়া দুর্গা পাঁচিলের গায়ে ঠেস দিয়ে দাঁড়াইয়া ঘামিতেছিল।"**
দুটি চুরির অভিযোগ কী ? ঘটনার শেষে অভিযুক্ত দুর্গার কপালে কি ঘটেছিল ?

১০। **"চিনিবাস হরিহর রায়ের দুয়ার দিয়া গেলেও এ বাড়ি ঢুকিল না।"**
চিনিবাস কে ? হরিহর কে ? সে হরিহর রায়ের দুয়ার দিয়ে যায় না কেন ? সে কাদের কাছে যায় ?

১১। **"দিদিকে চটাইবার ইচ্ছা তাহার আদৌ নাই।"**
কার দিদির কথা বলা হয়েছে ? দিদির নাম কী ? দিদি কি বলেছিল ? দিদিকে চটাবার ইচ্ছা নাই কেন ?

১২। **"যেমনি মা তেমনি ছা।"**
বক্তা কে ? কাদের সম্পর্কে একথা বলেছে ? বক্তার এরূপ মনোভাবের কারণ কী ?

১৩। **"আমার ওপর রাগ করেছিস দিদি ? আমি তো কিছু করিনি!"**
কে কখন একথা বলেছে ? তার রাগের কারণ কি ব্যাখ্যা কর।

১৪। **"অপু প্রতিবাদের উত্তেজনায় বিছানায় উঠিয়া বসিল।"**
অপু কে ? সে কিসের প্রতিবাদ করেছিল ? কেন প্রতিবাদ করেছিল ?

১৫। **"এই যুগপৎ দুই চুরির অভিযোগের অসতর্কতায় আড়ষ্ট হইয়া দুর্গা পাঁচিলের গায়ে ঠেস দিয়ে দাঁড়াইয়া ঘামিতেছিল।"**
দুটি চুরির অভিযোগ কী ? ঘটনার শেষে অভিযুক্ত দুর্গার কপালে কি ঘটেছিল ?

১৬। **"ও দিদি বড্ড যে বৃষ্টি এল।"**
কে কাকে একথা বলেছে ? কখন সে একথা বলেছিল এবং কেন ?

১৭। **"মার প্রতি অভিমানে তাহার চোখে জল আসিতেছিল।"**
কার কথা বলা হয়েছে ? কেন তার মার প্রতি অভিমান হয়েছিল ? তারপর তার মা তাকে কি বলে সান্ত্বনা দেয় ?

১৮। **"আমার ওপর রাগ করেছিস দিদি ? আমি তো কিছু করিনি!"**
কে কখন একথা বলেছে ? তার রাগের কারণ কি ব্যাখ্যা কর।

১৯। **"হাঁসছ কেন খোকা ? এটা কি নাট্যশালা!"**
কে কাকে একথা বলেছে ? কখন সে একথা বলেছিল এবং কেন ?

২০। **"অপুর মুখ শুকাইয়া গেল।"**
অপুর মুখ কখন শুকিয়ে গিয়েছিল ? কেন শুকিয়ে গিয়েছিল ?

২১। **"অপু ভয়ে আড়ষ্ট হইয়া উঠল।"**
অপু কে ? কখন সে ভয়ে আড়ষ্ট হয়ে উঠেছিল এবং কেন ?

২২। **"বুড়ি বলল- ভয় কি মোরে, ও বাবারা "——**
বুড়ি কে ? তাকে সবাই কি নামে চেনে ? বুড়িকে দেখে ভয় পাবার কারণ কি ? বুড়িকে দেখে অপুর মনের অবস্থা কিরকম হয়েছিল ?

২৩। **"খোকাডা কাদের ?"**
কে কাদের উদ্দেশ্যে একথা বলেছে ? কখন বলেছে ? কেন বলেছে ?

২৪। **"তোমার ও মেয়ে কম নাকি ? চোর — চোরের বেহদ্দ চোর।"**
কে কাকে একথা বলেছে ? মেয়েটি কে ? তার পরিচয় দাও। বক্তা কেমন করে ধরলেন যে ওই মেয়েটিই চুরি করেছে ?

## WRITING
## নোটিশ / বিজ্ঞপ্তি

১। সম্প্রতি কাশ্মীরে যে বিধ্বংসী বন্যা হয়ে গেল, তার ফলে বহু মানুষ গৃহহারা। তোমার স্কুলের সমস্ত ছাত্রছাত্রীর কাছে জামাকাপড় বা অর্থ সাহায্যের আবেদন করে স্কুলের নোটিশ বোর্ডের জন্য একটি নোটিশ বা বিজ্ঞপ্তি লেখ।

২। আগামী রবিবার তোমাদের স্কুল থেকে নবম-দশম শ্রেণীর ছাত্রদের একটি শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হবে। অমৃতসরের অদূরবর্তী জালিয়ানওয়ালাবাগ হবে তোমাদের যাত্রার লক্ষ্য। ছাত্রদের এই ভ্রমণে যোগদান করার আবেদন জানিয়ে স্কুলের নোটিশ বোর্ডের জন্য একটি নোটিশ লেখ।

৩। তোমাদের স্কুলে দশম শ্রেণীর সব ক'টি বিভাগের জন্য আগামী সোমবার একটি রচনা প্রতিযোগিতা হবে। রচনার বিষয়টি প্রতিযোগিতার সময়েই ঘোষণা করা হবে। স্কুলের সাহিত্য-সম্পাদক হিসাবে স্কুলের নোটিশ বোর্ডের জন্য একটি নোটিশ বা বিজ্ঞপ্তি লেখ।

৪। তোমাদের এলাকায় প্রতিবেশী ছাত্রছাত্রীদের সহযোগীতায় তোমরা একটি গ্রন্থাগার (লাইব্রেরী) খুলতে চলেছ। এলাকার বাসিন্দাদের কাছে বই অনুদান দেওয়ার আবেদন জানিয়ে একটি বিজ্ঞপ্তি লেখ।

৫। শিশু দিবসে অনাথ আশ্রমে বই, খাতা ও রং পেন্সিল ইত্যাদি বিতরণ করা হবে। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

৬। বিদ্যালয়ে একটি বিতর্ক সভার আয়োজন করা হয়েছে, যোগদানের অনুরোধ জানিয়ে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

৭। পথশিশুদের বসে আঁকো প্রতিযোগীতার আয়োজন করেছে তোমাদের স্কুল। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

৮। স্কুলের জাতীয় সেবা পরিকল্পনার অংশ হিসাবে একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের নিয়ে তোমাদের স্কুলের পার্শ্ববর্তী অনুন্নত বস্তি অঞ্চলে স্বাস্থ্য সচেতনতা প্রচারের উদ্যোগ নিয়েছে। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

৯। আগামী ১৩ই এপ্রিল ২০১৭ তোমাদের স্কুলে একটি ছাত্র-শিক্ষক ফুটবল ম্যাচের আয়োজন করা হয়েছে। উৎসাহী খেলোয়াড়দের আহ্বান জানিয়ে স্কুল নোটিশ বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি লেখ।

১০। বৃদ্ধাশ্রমে শীতবস্ত্র বিতরণ করা হবে। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

১১। ম্যাজিক শো-এর আয়োজন করেছে তোমাদের স্কুল। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

১২। পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হবে তোমাদের স্কুলে। এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

১৩। আন্তঃবিদ্যালয় (Interschool) গল্পরচনা-প্রতিযোগিতার আয়োজন, এই মর্মে স্কুলের বোর্ডে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

## প্রতিবেদন

**নিচের বিষয়গুলি নিয়ে প্রতিবেদন লেখ -**

১। শারীরিক প্রতিবন্ধকতা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কৃতিত্ব ছাত্রীর।

২। বিদ্যালয়ের বিজ্ঞান প্রদর্শনী মন জয় করল শহরের।

৩। দূষণমুক্ত শহর গড়তে ক্ষুদেদের মিছিল শহরের রাজপথে।

৪। পথশিশুদের নিয়ে ফুটপাথে আঁকা শেখার ক্লাস করলেন বিখ্যাত চিত্রশিল্পী।

৫। নিজের জীবন বিপন্ন করে শিশুকে দুর্ঘটনার হাত থেকে বাঁচালো ফুটপাথবাসী বালক।

৬। কলকাতার অটো রিকশার দৌরাত্ম নিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৭। অত্যধিক কুয়াশায় ভারতবর্ষের উত্তর ও উত্তর-পূর্ব অঞ্চলে ট্রেন চলাচল ব্যহত এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ট্রাফিক-নিয়মকানুন না মানাতে শহরে বেড়ে চলা যানজট (জ্যাম)।

৯। স্থানীয় আবাসন এলাকায় একটি পার্ক ক্রমশ স্তূপাকৃতি জঞ্জালে ভরে উঠেছে।

১০। তোমাদের এলাকায় বেশ কিছু গাছ কেটে ফেলে শপিং মল গড়ে তোলা হচ্ছে। এ বিষয়ে পাঠকের মনযোগ আকর্ষণ একটি প্রতিবেদন রচনা কর।

১১। মোবাইল ফোনের ব্যবহার আমাদের জীবনে যেভাবে প্রভাব বিস্তার করে চলেছে। সে বিষয়ে প্রতিবেদন রচনা কর।

১২। জনপ্রিয় দূরদর্শনের অনুষ্ঠানে একটি নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে সাধারণ জ্ঞান খেলায় প্রথম হয়েছে এবং তাতে এক কোটি টাকা লাভ করেছে। এ বিষয়ে পত্রিকার জন্য একটি প্রতিবেদন রচনা কর।

১৩। পথে হঠাৎ অসুস্থ হয়ে পড়া বৃদ্ধকে হাসপাতালে পৌঁছে দিয়ে চিকিৎসার ব্যবস্থা করালেন ট্রাফিক পুলিশ কর্মী। এ বিষয়ে পত্রিকার জন্য একটি প্রতিবেদন রচনা কর।

১৪। ট্রেন ডাকাতি রুখে দিল কলেজ পড়ুয়া দুই তরুণী। এ বিষয়ে পত্রিকার জন্য একটি প্রতিবেদন রচনা কর।

১৫। বিশেষ গুরুত্ব দেওয়া হয় এমন কিছু ব্যক্তির (ভি.আই.পি) যাতায়াতের সুবিধা করে দেওয়ার জন্য রাস্তা বন্ধ। অসুস্থ রোগী হাসপাতালে পৌছতে পারলেন না। ঘটনাটির প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লেখ।

## GRAMMAR

### সন্ধি বিচ্ছেদ

**সন্ধি সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর দাও -**

| | | | | |
|---|---|---|---|---|
| শুভ + অশুভ, | মহা + ঈশ্বর , | গুরু + উপদেশ, | স + উল্লাস, | অধি + অয়ণ |
| যথা + উচিত, | পদ + উন্নতি, | ভো + অন, | মনু + অন্তর, | পৌ + অক, |
| সু + উক্ত | যথা + ইষ্ট, | প্রাণ + অধিক, | প্র + আপ্তি, | বিবেক + আনন্দ |
| অপ + ঈক্ষা | অতি + অন্ত | সে + অন | পশু + আচার | বি + অবহার |
| বি + অর্থ | বি + অবধান | সু + আগত | অনু + ইত | গৈ + ইকা |
| পৌ + অক | প্রতি + উক্তি | অতি + অধিক | স + অক্ষর | স্ব + অক্ষর |

**সন্ধিবিচ্ছেদ কর -**

শয়ন, যদ্যপি, অত্যাচার, সতীশ, স্বেচ্ছা, রথীন্দ্র, ক্ষুধার্ত, পিত্রাদেশ, অভীষ্ট, নাবিক, ভাবুক, গবেষণা, নয়ন, নায়ক, ভবন, প্রত্যাশা, অত্যুচ্চ, প্রত্যুত্তর, শীতার্ত, যদ্যপি, অধ্যয়ন নরেশ

### বাক্য পরিবর্তন

**নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন -**

১। রামের পিতৃভক্তি অতুলনীয়। (প্রশ্নবোধক / নঞর্থক / বিস্ময়বোধক)
২। পরের জন্যে আত্মত্যাগেই সুখ (নঞর্থক)
৩। তপন বোধহয় কাল আসবে। (প্রশ্নবোধক / নির্দেশক)
৫। লোকটি রাতে ভালো দেখতে পায় না। (হ্যাঁ বাচক)
৪। একথা সকলেই জানে। (বিস্ময়বোধক / প্রশ্নবোধক)
৬। সে সারাদিন উপোস করে রইল। (নেতিবাচক)
৭। অলসতায় সময় নষ্ট করবে না। (হ্যাঁ বাচক)
৮। কি দারুণ লেখা লিখেছ! (নির্দেশক)
৯। কি আনন্দের খরব! (নির্দেশক / প্রশ্নবোধক)
১০। তুমি কি আমার মাথা কাটবে ? (ইতিবাচক)
১১। ব্যস আর কিছু না। (ইতিবাচক)
১২। একজনও রাজপুত বেঁচে রইল না। (ইতিবাচক)
১৩। মহারাণা রাজসিংহকে কে না চেনে ? (নির্দেশক)
১৪। সে ইতিহাস গোপন থাকাই ভালো। (নঞর্থক)
১৫। দুর্ঘটনা বড় একটা ঘটে না। (সদর্থক)
১৬। তোমার নাম কি ? (অনুজ্ঞা)

**নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর -**

১। ওর ভিতর দিয়ে নাই বা গেলে। (অনুজ্ঞাবাচক)
২। কুবের কিছু বলে না। (ইতিবাচক)
৩। ইহার অন্ত নাই। (ইতিবাচক)
৪। অল্প কথায় বলুন। (নির্দেশক)
৫। সে আর নেই। (প্রশ্নবাচক)
৬। এতো শুধু খেলা নয়। (প্রশ্নবাচক)
৭। সুখি হও। (নির্দেশক)
৮। একটা কথাও কহিল না। (প্রশ্নবাচক)
৯। সে ভয়ে আর কথা কহিল না। (ইতিবাচক)
১০। বাবু শব্দ নানার্থ হইবে। (নেতিবাচক)
১১। তোমাকে খেতে বলছি। (অনুজ্ঞাবাচক)
১২। তোমার মঙ্গল কামনা করি। (অনুজ্ঞাবাচক)
১৩। সে বেঁচে নেই। (প্রশ্নবাচক)
১৪। সে কি চোর ? (নির্দেশক)
১৫। আজ খুব শীত। (আবেগবাচক)
১৬। বড্ড তেতো। (আবেগবাচক)
১৭। বড় বিপদে পড়েছি। (আবেগবাচক)
১৮। সে ভয়ানক স্রোত। (আবেগবাচক)
১৯। ভারী মজা হবে। (আবেগবাচক)
২০। আর কি পাইব তারে ? (নির্দেশক)

## শুদ্ধ-অশুদ্ধ শব্দ

**প্রদত্ত প্রশ্নে একই শব্দের তিনটি বানান দেওয়া আছে। সঠিক বানানটি বেছে লেখ -**

| | | |
|---|---|---|
| সন্মন্ধে / সম্মন্ধে / সম্বন্ধে | শুদ্ধকরণ / শুদ্ধিকরণ / শুদ্ধীকরণ | কর্তৃক / কতৃক / কত্রিক |
| শুরু / সুরু / শুরূ | হঠাৎ / হটাৎ / হটাত | নিরস্ত্র / নীরস্ত্র / নীরস্ত |
| নিরপরাধিনী / নিরপরাধা/ নিরপরাধিনি | দষম / দশম / দসম | অধবদন / অধোবদন / অদোবদন |
| শুশ্রূষা / শুশ্রুশা / শুস্রুষা | সন্নাসী / সন্ন্যাসী / সন্নাসি | শারিরিক / শারিরীক / শারীরিক |
| ফণীভূষণ / ফণিভূষণ / ফনীভূষণ | রোগগ্রস্থ/রোগগ্রস্ত রোগোগ্রস্ত | স্বাস্থ্য / সাস্থ্য / সাস্থ |
| দিতীয় / দ্বিতীয় / দ্বীতিয় | সরস্বতী / স্বরস্বতী / স্বরস্যতি | নূপুর / নুপুর / নুপূর |
| দায়িত্ব / দায়ীত্ব / দায়িত্য | নিশীথ / নীশীথ / নীশিথ | নীরস / নিরস / নিরাস |
| দুরান্ত / দুরন্ত / দূরন্ত (শিশু সম্পর্কে) | আষাড় / আসার / আষাঢ় (মাস) | পৃথিবি / পৃথীবি / পৃথিবী |
| দুরবস্থা / দূরবস্থা / দুরাবস্থা | দূষণীয় / দোষণীয় / দুশণীয় | সান্ত্বনা / স্বান্তনা / সান্তনা |
| নিরভিমান / নিরাভিমান / নিরোভিমান | যথেষ্ট / যথেষ্ঠ / যতেষ্ট | উচ্ছাস / উচ্ছ্বাস / উশ্যাস |
| দীগ্দর্শন / দিঙ্দর্শন / দিগ্দর্শন | যাবজ্জীবন / যাবদ্জীবন / যাব্যজীবন | ষটানন / ষড়ানন / ষড়নন |
| অজগর (সর্প) / অজাগর / অজগার | ভৌগলিক / ভূগৌলিক / ভৌগোলিক | দুরাবস্থা / দুরবস্থা / দূরবস্থা |
| মনস্তাপ / মনোস্তাপ / মনঃতাপ | সদ্যোজাত / সদ্যজাত / সদ্যঃজাত | দূরাশা / দুরাশা / দুরাসা |
| বাল্মীকি / বাল্মিকী / বাল্মিকি | রূঢ় / রূঢ় / রুঢ় | মধুসূদন / মধুসুদন / মদুসূধন |

## বাক্যগত অশুদ্ধি সংশোধন

**নীচের বাক্যগুলি শুদ্ধ করে পুনরায় লেখ -**

| | | | |
|---|---|---|---|
| ১। | এসব শুনে সে যেন পাতাল থেকে পড়ল। | ২। | চকচক করলেই হিরে হয় না। |
| ৩। | সে ঢকঢক জল খেল। | ৪। | জনৈক মহিলা কেঁদে উঠল। |
| ৫। | আমাদের মধ্যে ঐক্যতা নেই। | ৬। | সে নির্দোষী। |
| ৭। | বৃষ্টি পড়ে পত্পত্। | ৮। | সকল ছাত্ররা রওনা হল। |
| ৯। | নিমজল খেয়ে লাগো | ১০। | চোর আসিয়া ঘরে পশিল |
| ১১। | ফুরফুরে মাঠের হাওয়া | ১২। | সে কথা প্রমাণ হয়েছে |
| ১৩। | তাঁতের হালফ্যাশানের শাড়ি | ১৪। | সে নির্জলা গোরুর দুধ পান করে |
| ১৫। | এ ঘরে প্রবেশ নিষেধ | ১৬। | কাজটা সম্ভবপর নয় |
| ১৭। | বালিকাটি পরমা সুন্দরী | ১৮। | দেবী অন্তর্ধান করিলেন |
| ১৯। | সকল বালকেরা পড়ছে | ২০। | নানাবিধ দ্রব্যসমূহের বিপণী |
| ২১। | কেবলমাত্র শিশুদের জন্য | ২২। | সযত্নপূর্বক পাঠ কর |
| ২৩। | তিনি আরোগ্য হলেন | ২৪। | সে এই মামলায় সাক্ষী দেবে |
| ২৫। | সাধু এবার মৌন হলেন | ২৬। | পূর্বের গৌরব লোপ পেয়েছে |
| ২৭। | এত কথা আবশ্যকতা নেই | ২৮। | তার পানে চেয়ে দেখ |
| ২৯। | নাটক অভিনয় হবে | ৩০। | কতধানে কত তন্ডুল |

## সমাস

**সমস্ত পদে পরিণত করে সমাসের নাম লেখ -**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | শূল পাণিতে যার | ২। | ঠান্ডা মাথা যার | ৩। | নীল অম্বর যার | ৪। | মহৎ আশয় যার |
| ৫। | বিগত স্পৃহ যার | ৬। | গৌর অঙ্গ যার | ৭। | বিগত পত্নী যার | ৮। | সু গন্ধ যার |
| ৯। | নদী মাতা যার | ১০। | চার পায়া যার | ১১। | শশী শিখরে যার | ১২। | বদ মেজাজ যার |
| ১৩। | ত্রি লোচন যার | ১৪। | মধ্য বিত্ত যার | ১৫। | লব্ধ প্রতিষ্ঠা যার | | |

**ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ -**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | স্বচ্ছসলিলা | ২। | সুধী | ৩। | বীণাপাণি | ৪। | বেপরোয়া | ৫। | ষড়ানন |
| ৬। | সস্ত্রীক | ৭। | রাজহংস | ৮। | মাঝদরিয়া | ৯। | ঘরপোড়া | ১০। | গোঁজামিল |
| ১১। | বৃন্তচ্যুত | ১২। | লাল পাগড়ি | ১৩। | বিণাপাণি | ১৪। | চন্দ্রশেখর | ১৫। | গালাগালি |
| ১৬। | ডাকাবুকো | ১৭। | অভ্রান্ত | ১৮। | তালপাতা | ১৯। | মৌচাক | ২০। | সাকার |
| ২১। | সোৎসাহ | ২২। | অনাদি | ২৩। | অপয়া | ২৪। | সস্ত্রীক | ২৫। | ছেলেধরা |

**সমাস সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর লেখ -**

| | | | | |
|---|---|---|---|---|
| পুরুষোত্তম, | বারোমাসের সমাহার, | সর্বজননিন্দিত, | শোকাকুল, | অর্থভাবে উন্মীলিত, |
| পিছুতে পা যার, | উন্নতির জন্য বিধান, | চারি চিরের সমাহার, | রাজমিস্ত্রী, | সপ্তাহ, |
| লব্ধ প্রতিষ্ঠা যার, | তৃষ্ণার সহিত বর্তমান, | প্রশংসার সহিত বর্তমান, | সু গন্ধ যার, | একদিকে চোখ যার, |
| মহৎ আশয় যার, | ইন্দ্রকে জয় করেন যে, | লাজের সহিত বর্তমান | পথের রাজা | দরিয়ার মাঝ |

## SYLLABUS FOR MID-TERM

**সাহিত্য** : গদ্য : দাম, ইলিয়াস, চিঠি
পদ্য : খেয়া, নূতন জীবন

**সহায়ক পাঠ** : আম-আঁটির ভেঁপু : প্রথম থেকে সপ্তম অধ্যায়

**ব্যাকরণ** : সন্ধি (স্বরসন্ধি), বাক্য পরিবর্তন, শুদ্ধ-অশুদ্ধ শব্দ- বাক্যগত অশুদ্ধি সংশোধন, সমাস (দ্বিগু, তৎপুরুষ, বহুব্রীহি)

**নির্মিতি** : নোটিশ / বিজ্ঞপ্তি, প্রতিবেদন ও বোধপরীক্ষণ